ইন্দ্রজিৎ রক্তমাংসের মানুষ। নানা ঘটনায়, দ্বন্দ্ব-সংঘাতে সে ক্ষত-বিক্ষত। কখনো কখনো ক্লান্তি-নৈরাশ্য-অবসাদ-হতাশা ইন্দ্রজিৎকে গ্রাস করেছে। নাটকের প্রথম ও দ্বিতীয় অঙ্কে ইন্দ্রজিৎ-এর গতানুগতিকতা ভঙ্গে বৃত্তচ্যুত হবার যে স্বপ্ন বা ইচ্ছা; দ্বিতীয় অঙ্কের শেষে সে নিজের সঙ্গে লড়াই করতে করতে ক্লান্ত হয়ে পড়েছে, ক্ষান্ত হতে চেয়েছে এবং তৃতীয় অঙ্কে সেই ক্লান্তি আরও চরমে উঠেছে— তার স্বপ্ন শেষ হতে চলেছে এবং তার যন্ত্রণাও অসহনীয় হয়ে উঠেছে। সে বিধ্বস্ত ও ক্ষত-বিক্ষত। তার এখন ধারণা— "বর্তমানটাও একটা না-জানা ভবিষ্যতের দিকে হাঁ করে তাকিয়ে অনির্দিষ্ট হয়ে

না থেকে সীমাবদ্ধ নির্দিষ্ট বিন্দু হয়ে যেতে পারে। অন্য ভাষায় তার নাম মরে যাওয়া।''[৬]

স্বপ্নহীন ইন্দ্রজিৎ নেমে আসে সাধারণের স্তরে। সে এখন আর বোঝাবার বা বোঝবার জন্য কথা বলেনা, অভ্যাসে বলে। তার স্বপ্ন যে ব্যর্থ-মরুভূমির মরীচিকা তা সমান্তরাল রেললাইনের দৃষ্টান্তে ব্যক্ত হয়েছে। ইন্দ্রজিৎ উপলব্ধি করে— ''যতটা হাঁটছি বিন্দুটা সরে সরে যাচ্ছে। পেছনেও যা সামনেও তাই।''[৭]

ইন্দ্রজিৎ যে আর স্বপ্ন দেখেনা, আগে দেখত- সেই স্বপ্নভঙ্গের যন্ত্রণা প্রকাশিত হয়েছে তৃতীয় অঙ্কে হাজারীবাগের মানসীর প্রতি তার উক্তিতে— ''আমার ক্ষমতা নেই। কোনো দিন ছিল না। শুধু ক্ষমতার স্বপ্ন দেখতাম। আমি সাধারণ। স্বীকার করতে যতোদিন পারিনি- স্বপ্ন ছিল। আজ স্বীকার করি।''[৮]

ইন্দ্রজিৎ বুঝতে পারে না সে কি করবে। নিজের জীবন নিয়ে সে আজ দ্বিধাগ্রস্ত— ''কী করবো? ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়বো? না, হেসে জীবনটাকে উড়িয়ে দেবো?''[৯]

শেষে দেখা যায় ইন্দ্রজিৎ উদভ্রান্ত হয়ে উঠেছে। সে শেষ পর্যন্ত উপলব্ধি করে আলো ঝলসানো তো দূরের কথা, দিগন্ত ছেড়েই সে উঠতে পারেনি। তার স্বীকারোক্তি— ''আলো ঝলসানো না। আকাশে জ্বালা রইল না। আমি দিগন্ত ছিঁড়ে উঠতেই পারলাম না।''[১০]

অসহায় ইন্দ্রজিৎ ক্লান্ত হয়ে পড়ে। তার খুব ঘুমোতে ইচ্ছে করে— ''জানি না। আমি অনেক ভেবেছি। অনেক যুক্তি তর্ক বিচার মনে মনে করেছি। সব কিছুর উত্তর— জানি না। কেমন যেন ক্লান্ত হয়ে পড়েছি। যুক্তি তর্ক আর ভাল লাগে না। কিছু করতেও পারছি না। শুধু ক্লান্ত লাগছে। ঘুমোতে ইচ্ছে করছে।''[১১]

ইন্দ্রজিৎ-এর এই পরাজয় দেখে কোনো কোনো সমালোচক বাদল সরকারের বিরূপ সমালোচনা করেছেন। বিমল কুমার মুখোপাধ্যায় বলেছেন— ''এবং ইন্দ্রজিৎ নাটকে ইন্দ্রজিৎ এবং লেখক। উভয়ের সংলাপে এই জীবন প্রত্যয়ই ঘোষিত হয়েছিল যে, আমরা সবাই অভিশপ্ত সিসিফাসের প্রেতাত্মা। আলব্যের ক্যামুর The Myth of Sisyphus-এর কথা অবশ্যই মনে ছিল বাদল সরকারের। এই জীবনের মূল্য সম্পর্কে এই বই-এ ক্যামু বলেছিলেন, যুক্তি দিয়ে যে জগতের কার্য-কারণ বিশ্লেষণ করা যায় তা যত ত্রুটিপূর্ণই হোক, আমাদের পরিচিত জগৎ। কিন্তু যে জগতে মানুষ অকস্মাৎ তার সমস্ত মোহ ও আনন্দ হারিয়ে ফেলেছে, সেখানে সে নিজেকে মনে করে একজন বহিরাগত। তার এই নির্বাসনের যন্ত্রণার হাত থেকে মুক্তি নেই।''[১২]

কিন্তু সত্যিই কি ইন্দ্রজিৎ শেষ পর্যন্ত জীবনের কাছে হেরে যাওয়া পরাজিত নায়ক? কোনো দেবত্বে বা অতি মানবতত্ত্বে ইন্দ্রজিৎকে উত্তীর্ণ করেননি নাট্যকার। ইন্দ্রজিৎ-এর হতাশা, ক্লান্তি, নৈরাশ্য অবসাদ তাই স্বাভাবিক। আকাঙ্ক্ষা নিয়েও আকাঙ্ক্ষা না পূরণের নৈরাশ্য নিয়ে সে মানুষ। সেই জন্য যন্ত্রণা ও হতাশায় সে আবার নির্মলকুমার বলে নিজেকে পরিচয় দিতে চেয়েছে, সাধারণ হতে চেয়েছে। কিন্তু চেষ্টা করেও ইন্দ্রজিৎ নির্মল হতে পারেনি। কারণ অমল-বিমল-কমলদের মতো তার প্রমোশন নেই, বাড়ি করা

নেই, ব্যবসার স্কিম নেই। কী করে সে নির্মল হবে। চেষ্টা করেও তাই সে গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দিতে পারেনি। ইন্দ্রজিৎ একা এবং নিঃসঙ্গ। জীবনানন্দ দাশের 'বোধ' কবিতার মানুষটির মতো এক 'বোধ'তাকে তাড়িত করেছে। তাই সকলের মধ্যে থেকেও সে নিঃসঙ্গ। বারে বারে নির্মল হতে চায়। কিন্তু পারে না। ইন্দ্রজিৎ 'বোধ'এর মানুষটার মতই যেন বলতে চেয়েছে—

"সকল লোকের মাঝে ব'সে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা?
আমার চোখেই শুধু ধাঁধা?
আমার পথেই শুধু বাধা?
... ... ...
তাদের হৃদয় আর মাথার মতন
আমার হৃদয় না কি? তাহাদের মন
আমার মনের মতো না কি?"[১৩]

ইন্দ্রজিৎ গতানুগতিকতার স্রোতে বদ্ধ হতে চায় না। অন্য সবার মতো হয়েও সে এগিয়ে চলার স্বপ্ন দেখে। "তার তো অন্য সবার মতো ছকে বাঁধা জীবন নেই। তাই অন্য এক তাড়নায় সে এগিয়ে চলে।"[১৪] ইন্দ্রজিৎ অমল-বিমল-কমলদের মতো আরও অগণন সংখ্যার মানুষের মতো হারেনা, হেরে যায় না। এই অগুণতি মানুষের ভিড়ে দাঁড়িয়েও ইন্দ্রজিৎ জীবনের জন্য লড়ে যায়, জীবনকে ভালোবেসে পাঞ্জা কষতে যায়। সে টিকে থাকার জন্য লড়েনা, জীবনে বেঁচে থাকার জন্য লড়ে। অমল-বিমলদের সাপেক্ষে ইন্দ্রজিৎ তাই 'হিরো'। জীবন সম্পর্কে নৈরাশ্যবোধ ইন্দ্রজিৎকে গ্রাস করলেও শেষ পর্যন্ত সে বুঝতে পারে 'তবু ঠেলতে হবে', 'তবু বাঁচতে হবে'। 'সিসিফাস-এর মতো নিয়মিত ঘেরাটোপের চেতনায় আক্রান্ত হলেও তার থেকে বেরিয়ে আসার একটা চেতনা জাগিয়ে রাখতেই হয়।'[১৫] শূণ্যতার দমবন্ধ করা পরিসর থেকে প্রতিমুহূর্তে উঠে যাওয়া ধাপে ধাপে অস্তিত্বের খোঁজে এগিয়ে চলে ইন্দ্রজিৎ। মাঝে মাঝে হতাশ হয়ে পড়লেও জীবনের প্রতি সে বীতশ্রদ্ধ নয়। জীবনকে গভীরভাবেই সে উপভোগ করতে চায়। জীবন থেকে সে পালিয়ে যায়নি। ইন্দ্রজিৎ জানে 'জীবন। মহামূল্যবান জীবন'। এই জীবন নিয়েই এতো বিবেচনা, এতো হিসেব। জীবনের প্রতি তার গভীর অনুরাগ। তাই সে মানসীকে বলেছে— "রাত্রে আকাশ-ভরা তারার দিকে তাকিয়ে বইয়ে পড়া অ্যাস্ট্রনমি যদি ভাবিস, এর ছোট্ট সৌরজগতের ছোট্ট পৃথিবীটার কোনো মূল্য থাকে? এই কীটাণুকীট মানুষগুলোর কোনো মূল্য থাকে? তাই বলে সেই কথা যদি সব সময় ভাবি, বেঁচে থাকা যাবে?"[১৬]

জীবনের পথে তাকে চলতেই হবে। সাধারণ হলেও তার সেই অমল-বিমল-কমলদের সঙ্গে একই সারিতে চলার উপায় নেই। লেখক ইন্দ্রজিৎকে তাই বলেছে—

''তুমি নির্মল নও। আমিও সাধারণ। তবু আমি নির্মল নই। তোমার আমার নির্মল হবার আর উপায় নেই।''[১৭] কারণ— ''আমাদের তীর্থ নেই, শুধু যাত্রা আছে। তীর্থযাত্রা।''[১৮]

এ পথ শেষ নয়, পূর্ণ হয়না মনোরথ। উদ্দেশ্যহীন, অর্থহীন হয়েও এগিয়ে চলার লড়াই-ই একমাত্র পথ। উদ্দেশ্যহীনতা, তার মধ্যবিত্ততা আর তা অতিক্রমণের স্বপ্নই ইন্দ্রজিতের সংগ্রাম। জীবনে অনেক গ্লানি, পরাজয় ও অর্থহীনতা সত্ত্বেও ইন্দ্রজিৎ জীবনের কাছে হেরে যায়নি। তাই 'তীর্থযাত্রা'তেই শেষ পর্যন্ত ইন্দ্রজিৎ বিশ্বাস রেখেছে। এ বিশ্বাস 'নেতি'-র নয়, 'ইতি'-র, শূন্যের নয়, অলীক হলেও এক প্রত্যাশার। ইন্দ্রজিৎ 'তীর্থপথ'কে জীবনের 'ধ্রুবতারা' করেই জীবনের পথে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখেছে—

''জীবনের প্রথম প্রভাতে
বিনা দ্বন্দ্বে বিনা প্রশ্নে উন্মুক্ত দু'হাতে
তীর্থপথ মহাদীক্ষা করেছি গ্রহণ।
দিবসান্তে আজ যেন মন
নাহি ভোলে সেই দীক্ষা। তীর্থ নয়,
তীর্থপথ আমাদের- মনে যেন রয়।''[১৯]


**তথ্যসূত্র :**

১. সরকার, বাদল, এবং ইন্দ্রজিৎ, প্রকাশক অঞ্জলি বসু, কলকাতা- ১৫, নবম মুদ্রণ- আষাঢ় ১৪০২, জুলাই ২০০৬, পৃ. ৫।

২. তদেব, পৃ. ১৬। ৩. তদেব, পৃ. ৭৯। ৪. তদেব, পৃ. ২৬।

৫. তদেব, পৃ. ২৬। ৬. তদেব, পৃ. ৬৫। ৭. তদেব, পৃ. ৬২।

৮. তদেব, পৃ. ৬৫। ৯. তদেব, পৃ. ৬৬। ১০. তদেব, পৃ. ৭৯।

১১. তদেব, পৃ. ৬২।

১২. মুখোপাধ্যায়, বিমল কুমার, নাট্যকর্মী বাদল সরকারকে একটি খোলা চিঠি, পৃ. ২৬।

১৩. দাশ, জীবনানন্দ, জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা, ভারবি, কলকাতা- ৭৩, সপ্তম মুদ্রণ- আশ্বিন ১৩৯৫, সেপ্টেম্বর ১৯৮৮, পৃ. ২০।

১৪. মিত্র, কুন্তল, অ্যাবসার্ড নাটক মাতৃভাষায় বিভাষায়, অফবিট পাবলিশিং, কলকাতা- ৯, প্রথম প্রকাশ- জানুয়ারি ২০০২, পৃ. ৫২।

১৫. চৌধুরী, দর্শন, নাট্যব্যক্তিত্ব বাদল সরকার, একুশ শতক, কলকাতা- ৭৩, দ্বিতীয় সংস্করণ ২০১০, পৃ. ৪০।

১৬. সরকার, বাদল, এবং ইন্দ্রজিৎ, প্রকাশক অঞ্জলি বসু, কলকাতা- ১৫, নবম মুদ্রণ- আষাঢ় ১৪০২, জুলাই ২০০৬, পৃ. ৫৪।

১৭. তদেব, পৃ. ৮০। ১৮. তদেব, পৃ. ৮১। ১৯. তদেব, পৃ. ৮২।



'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত তালিকার অন্তর্ভূক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

# এবং মহুয়া

( বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা )

২২ তম বর্ষ, ১২১ সংখ্যা, মে, ২০২০

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.
Journal Serial No.-96 (Indian Languages out of 114), Bengali, Faculty of Arts journal Serial No.--32

# EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal

22th Year, 121 Volume

May, 2020

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

*DTP and Printed By*

K.K.Prakashan

*Cover Designed By*

Kohinoorkanti Bera

*Special Editorial Co-ordinator*

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

১৫.বিজন ভট্টাচার্যের জবানবন্দী,নবান্ন, দেবীগর্জন : প্রান্তিক
মানুষের বেঁচে থাকার করুণ সংগ্রাম
:: টিটু ঘোষ.................................................................১১১
১৬.শৈশবকালীন শিশুদের অপসংগতিমূলক আচরণের উপর
একটি সমীক্ষা
:: লালকৃষ্ণ খাঁড়া.............................................................১১৮
১৭.স্বদেশী আন্দোলনে বাংলা সঙ্গীতে স্বদেশী ভাবনা
(১৯০৫-১৯১১) : একটি ঐতিহাসিক আলোচনা
:: প্রসেনজিৎ রায়.............................................................১২২
১৮.বিশ শতকের শেষের দিকের নারী কবিদের দৃষ্টিতে ধর্ম :
একটি সংক্ষিপ্ত আলোচনা
:: সেখ পারভেজ হোসেন....................................................১৩১
১৯.ভিন্নধর্মী মাতৃসত্ত্বার আলোকে নির্বাচিত বাংলা কথাসাহিত্য
:: জয়ন্ত ঘোষ.................................................................১৩৭
২০.শ্রী শ্রী রামকৃষ্ণের চোখে নরেন তথা বিবেকানন্দ
:: মৌসুমী দাস................................................................১৪২
২১.বাংলার গ্যারিক গিরিশচন্দ্রের নাট্য জগত থেকে
থিয়েটার মঞ্চে পদার্পণ
:: সঞ্চয় মণ্ডল................................................................১৪৬
২২.বাদল সরকারের নাটকে লোকনাট্যের প্রভাব:প্রসঙ্গ 'ভুল রাস্তা'
:: অমর চন্দ্র রায়.............................................................১৫৫
২৩.সুনীল গঙ্গোপাধ্যায়ের গল্প উত্তরাধিকার :এক আত্ম বংসী
আদিম প্রেমের প্রতিদ্বন্দ্বিতা
:: চিন্ময় কুমার মাইতি.......................................................১৬২
২৪.গান্ধীজী ও বিপ্লবীরা : প্রেক্ষিত ভারতের স্বাধীনতা আন্দোলন
:: শচীন চক্রবর্ত্তী.............................................................১৬৯
২৫.মানবাধিকার রক্ষায় ভারতীয় সংবিধানের ভূমিকা
:: জয়দেব নায়েক.............................................................১৭৯
২৬.লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ ও বাস্তবতা—প্রসঙ্গ ঔপনিবেশিক
বাংলার লোকক্রীড়া
:: মহঃ আবু নাসিম...........................................................১৮৬
২৭.অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে দক্ষিণ পশ্চিম বঙ্গের বয়ন
শিল্পীদের দুর্দশা নিরসনে আবেদন, প্রতিরোধ ও তার পরিণাম
:: কাজী আক্তার আলি .......................................................১৯৬

# বাদল সরকারের নাটকে লোকনাট্যের প্রভাব : প্রসঙ্গ 'ভুল রাস্তা'

অমর চন্দ্র রায়

লোকনাট্যের সঙ্গে বাদল সরকারের কোনদিনই কোন আত্মিক যোগ ছিল না। একজন নগরের লোক হিসেবে তিনি নগরনাট্য তথা প্রসেনিয়াম থিয়েটারকেই বেছে নিয়েছেন। থিয়েটার বলতে তিনি স্টেজের বাইরে কিছু জানতেন না। একটি সাক্ষাৎকারে তাই বাদল সরকার বলেছেন—

"আমি নগরনাট্যটা মেনে নিয়েছি, যাকে পরে দ্বিতীয় থিয়েটার বলেছি। কারণ আমি নগরের লোক যেখানে থিয়েটার বলতে স্টেজই বোঝায়...।"[১]

লোকনাট্যের বিষয় সম্পর্কে বাদল সরকারের সেই অর্থে কোন ধারণাও ছিল। তার কারণ হিসেবে তিনি বলেছেন—

"লোকনাট্যের সঙ্গে আমার পরিচয় ভীষণভাবে কম। সুযোগ পেলেই দেখি, আজও দেখি, সেটা অন্য কারণে। কিন্তু পরিচয়টা ভীষণ কম।"[২]

লোকনাট্য সম্পর্কে তাঁর ধারণা আর পাঁচজন শহুরে মানুষের থেকে আলাদা নয়। তিনি মনে করেছেন এগুলি রাজরাজার কাহিনি, বড় বেশি মধ্যযুগীয়। লোকনাট্য সম্পর্কে এই স্বল্প ধারণার কারণেই তিনি লিখেছেন—

"...প্রথম থিয়েটার- লোকনাট্য, গ্রামাঞ্চলের থিয়েটার। আশ্চর্য এক আকর্ষণী ক্ষমতা গ্রামবাসীর কাছে। অথচ দু-একটি তিল পরিমাণ ব্যতিক্রম বাদ দিলে এই নাট্যের বিষয়বস্তুর সঙ্গে আজকের দরিদ্র গ্রামবাসীর জীবনের কোনও যোগাযোগ তো নেই-ই, উপরন্তু সেই সব দেবদেবী-রাজা-রাজড়ার কাহিনি মানুষকে বলে— যা হয় তাই হয়, যা হয় তাই হবে।"[৩]

কিন্তু আমরা লক্ষ করি যে বাদল সরকার লোকনাট্য সম্পর্কে এরূপ ধারণা পোষণ করেছেন, তিনিই আবার তাঁর তৃতীয় থিয়েটারে সেই লোকনাট্যের আঙ্গিককেই ব্যবহার করেছেন। আসলে লোকনাট্যের বিষয় সম্পর্কে তিনি যা'ই ধারণা থাকুক না কেন এর আঙ্গিক সম্পর্কে তাঁর ধারণা ছিল স্বচ্ছ। কিন্তু সেই আঙ্গিক যে থিয়েটারে ব্যবহার করা সম্ভব এটা তাঁর ধারণায় ছিল না। এই চিন্তা প্রথম আসে বিদেশে 'থিয়েটার ইন দ্য রাউন্ড' পদ্ধতিতে নাটক দেখে। এই থিয়েটার ইন দ্য রাউন্ড আমাদের দেশের লোকনাট্য, যাত্রার মতো মাঝখানে চত্বরে হয়, চারিদিকে দর্শক বসে। তিনি উপলব্ধি করলেন এই মাধ্যমেই দর্শককে বেশি করে নাড়া দেওয়া যায়। প্যারিসে সেই থিয়েটার ইন দ্য রাউন্ড দেখার অভিজ্ঞতার কথা জানিয়ে মানুকে ১৬.১২.১৯৬৪

সালের একটি চিঠিতে তিনি লিখেছেন—

"এবার মনে হোলো, প্রচলিত সে'জের থেকে এই মাধ্যমে দর্শকদের অনেক বেশি নাড়া দেওয়া যায়। সেট নেই, সাজসজ্জা নেই। তিনটে কেঠো টেবিল, ছ'টা কেঠো চেয়ার, দু'চারটে কাগজ ছাড়া আর কিছু নেই। অথচ মনে হোলো কয়েকটা জীবন্ত লোককে দেখছি। ...অভিনেতাদের দর্শকের এতো কাছে আসা যে সম্ভব, আগে যেন ধারণা ছিল না।"[৪]

বলা যায় এই অভিজ্ঞতাই তাঁকে লোকনাট্যের প্রতি আগ্রহী করে তোলে। যে কারণে আমরা দেখি কলকাতায় ফিরে এসে এর অল্প কিছুকাল পরে জওহরলাল নেহরু ফেলোশিপ (জুন ১৯৭১ – মে ১৯৭৩) নিয়ে 'থিয়েটার অফ সিন্থেসিস অ্যাজ এ রুরাল আরবান লিঙ্ক' প্রকল্পের মাধ্যমে গ্রামীণ লোকনাট্যের কাছাকাছি চলে আসেন। বাদল সরকার চেয়েছেন গ্রামীণ লোকনাট্য ও প্রসেনিয়াম থিয়েটার— এই দুই থিয়েটারের রীতিকে বর্জন না করে দুটি থিয়েটারের দুর্বলতা ও সীমাবদ্ধতা অতিক্রম করে বিকল্প একটি নাট্য। দুটি থিয়েটারেরই কিছু কিছু বৈশিষ্ট্য বাদল সরকার তাঁর তৃতীয় থিয়েটারে গ্রহণ করেছেন। এই দিকটি লক্ষ করে নাট্যকার মোহিত চট্টোপাধ্যায় এক আলাপচারিতায় তাই জানিয়েছেন—

"...উনি নিজের *The Third Theatre*-এ যে আলোচনাটা করেছেন তাতে ফার্স্ট থিয়েটার বলে তিনি লোকনাটকের যে কথাটা বলেছেন এবং সেটাকে ছেড়ে দ্বিতীয় নাটককে ছেড়ে তিনি যে *Theatre of Synthesis*-এর কথা বলছেন— মানে ঠিক ছেড়ে তো আর সিনথেসিস হয় না। এক অর্থে এইটা নয়, ওটা নয়, আমি একটা নাটক করছি, এর মধ্যে দুয়ের কিছু কিছু সম্পর্ক রয়েছে। তার একটা *Synthesis* ...।"[৫]

সুতরাং বাদল সরকারের তৃতীয় থিয়েটার তথা তাঁর অঙ্গন-মঞ্চ মুক্তমঞ্চের ভাবনায় কিংবা নাটকের বিষয়বস্তুতে লোকনাট্যের প্রভাব যে থাকবে এটা স্বাভাবিক। লোকআঙ্গিক যেমন তিনি থিয়েটারে ব্যবহার করেছেন, তেমনি লোকনাট্যের বহু বিষয় এবং উপাদানকে বাদল সরকার তাঁর নাটকে তুলে ধরেছেন। অনেক ক্ষেত্রে লোকনাট্যের বিষয়টাকেই তিনি নতুন আঙ্গিকে উপস্থাপন করেছেন দর্শকের সামনে। বিশেষ করে তাঁর শেষের দিকের নাটকগুলির কথা এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। যেমন— 'লক্ষীছাড়ার পাঁচালী' (১৯৭৪), 'ভানুমতীকা খেল' (১৯৭৪), 'রূপকথার কেলেঙ্কারী' (১৯৭৪) এবং সর্বোপরি 'ভুল রাস্তা' (১৯৯২)। এই প্রবন্ধের আলোচনার কেন্দ্রবিন্দু 'ভুল রাস্তা' নাটক। এই নাটকে বাদল সরকার কীভাবে লোক আঙ্গিক, লোকনাট্যকে ব্যবহার করেছেন এবং সেই আঙ্গিকের মাধ্যমে কীভাবে তাঁর নিজস্ব নাট্যদর্শনকে তুলে ধরেছেন তার একটা মূল্যায়ন করাই এই প্রবন্ধের লক্ষ্য।

'ভুল রাস্তা' নাটকটির প্রথম প্রকাশ 'দেশ' ৫ ডিসেম্বর ১৯৯২। প্রথম অভিনয় ২ মার্চ ১৯৮৯, সিন্ধু ভবনের অঙ্গন মঞ্চে। অভিনয় করেন বাদল সরকারের নাট্যদল

শতাব্দী। এরপর অঙ্গন মঞ্চ ছাড়িয়ে মুক্তমঞ্চে, খোলা আকাশের নিচে বহুবার 'ভুল রাস্তা' নাটকটি অভিনীত হয়। ১৯৯০ সালের ২৫-২৬ মার্চ শতাব্দী নদীয়ার বিভিন্ন অঞ্চলে গ্রাম পরিক্রমা সময় 'ভুল রাস্তা' নাটকটি অভিনয় করে। ১৯৯৬ সালের ২৪-২৫ ফেব্রুয়ারি একই ভাবে হুগলির সীতাপুর ও জঙ্গিপাড়ার বিভিন্ন গ্রাম পরিক্রমা কালে শতাব্দীর একটি অন্যতম সহযোগী দল শতকও 'ভুল রাস্তা' অভিনয় করে। নাটকটি যে লোকনাট্য আঙ্গিক থেকে নেওয়া এটা নাটকের শুরুতেই নাট্যকার আমাদের স্পষ্ট করে বলেছেন। তিনি লিখেছেন—

"এটি একটি 'গল্প-বলা নাটক'। এই ধরনের নাট্যাভিনয় আমাদের লোকনাট্যে যথেষ্ট পরিমাণে প্রচলিত। তার মধ্যে 'পাণ্ডবানি' বাঙালি দর্শকের কাছে পরিচিত। একটি 'পাণ্ডবানি' অনুষ্ঠান দেখেই এই নাটক লেখার কথা প্রথম মাথায় আসে।"[৬]

অর্থাৎ নাটকের বিষয়বস্তু এদেশের দেশজ লোকনাট্য থেকে নেওয়া এটা তিনি পরিষ্কার করে বলেছেন। শুধু তাই নয় নাটকের অভিনয়ের যে নির্দেশনা বাদল সরকার দিয়েছেন তা আমাদের দেশের চিরপ্রচলিত লোকনাট্য, যাত্রার মতই। তিনি বলেছেন—

"অভিনয়-প্রাঙ্গনের চারিপাশে দর্শকরা, এক কোণে চার-পাঁচজনের একটি গান-বাজনার দল। ঢোলের বাজনার মধ্যে অভিনেতা ঢুকবে নাচতে নাচতে। তারপর যা বলবার, সে একাই বলবে, গানের সময়ে সহায়তা করবে গান-বাজনার দল। হাতের বড়ো রেশমি রুমালটিকে বিভিন্ন বস্তু হিসাবে ব্যবহার করবে অভিনেতা।"[৭]

নাটকটির এই অভিনয় আঙ্গিক একেবারে লোকনাট্যের মতো। লোকনাট্যে খোলা মঞ্চে, চারিদিকে দর্শক রেখে মাঝখানের ফাঁকা জায়গাটিতে অভিনয় চলে। অনেক লোকনাট্যে একজন মূল গায়েন থাকেন, তার সঙ্গে থাকেন দোহারী। মূলত নৃত্য-গীত সহযোগে লোকনাট্য অনুষ্ঠিত হয়। ব্যবহৃত হয় নিজস্ব তৈরি নানান রকম বাদ্যযন্ত্র। দর্শক এবং অভিনেতার একটা পারস্পরিক বোঝাপড়া এবং অংশগ্রহণের মধ্য দিয়ে লোকনাট্য অনুষ্ঠিত হয়। অভিনেতা এবং দর্শক এর মধ্যে চলে একটা পারস্পরিক সংলাপ। আর এভাবেই লোকনাট্যের কাহিনি এগিয়ে যায়। বাদল সরকার এই নাটকে সেই লোকআঙ্গিকেই অনুসরণ করেছেন।

'ভুল রাস্তা' নাটকের একটিই চরিত্র একজন ফুটপাতবাসী ভিক্ষুক; যিনি নানারকম গল্প শুনিয়ে সাধারণ মানুষের কাছ থেকে অর্থ সংগ্রহ করে পেট চালায়। গল্পকথক ভিক্ষুক দর্শকদের উদ্দেশ্যে বলেছে—

"একটা গল্পো, এক কহানী- কানে শুনবেন, মনে ধরবেন- হাঁ হাঁ বাংলা গল্পো, হামি তো বংগালি আছি! তব ভি এখুনি রাষ্ট্রভাষা হোলো না? তাই থোড়া কুছ হিন্দী বুলি- খিচড়ি খান না? খিচড়ি? এ ভি খিচড়ি আছে। মাফ করে লিবেন বাবুজী লছিম মাঈ- লিখাই পড়াই শিখলাম না বিলকুল, কাজকাম জানলাম না, তাই এই খিচড়ি ভাষা খিচড়িকি কহানী- এহি হামার রুজি-রোজগার! যদি শুনে ভালো লাগে, যদি দিল খুশ হো যায়, তোবে- না না, সোনাচাঁদি মাঙবো না, সির্ফ দো-চার পয়সে সিকি

আধলি দোয়া করে গরিবকে– আরে হেই, ঝননন নননন ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় ঝননন নননন ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় ঢ্যাম্ কুড়কুড় বাঃ!"[৮]

একেবারেই লোকনাট্যের আঙ্গিকে নাটকটি শুরু হয়। নাটকের বিষয়বস্তু সঙ্গে দর্শকের এই সংযোগ সাধন প্রক্রিয়া লোকনাট্যের মতো। কথকতার ঢঙে নাচ-গানের মধ্য দিয়ে আসর জমিয়ে নাটকের বিষয় দর্শনের সামনে তুলে ধরা হয়েছে। যেহেতু উন্মুক্ত প্রাঙ্গনে ফুটপাত নিবাসী সাধারণ মানুষের সামনে নাটক অভিনীত হচ্ছে ফলে ভাষা ব্যবহারে কোথাও কোনো নাগরিকতার ছাপ নেই। হিন্দি, বাংলা মিশিয়ে এমন এক মিশ্র ভাষা ব্যবহার করা হয়েছে যা সহজেই দর্শকের অনুভূতির মধ্যে পৌঁছায়। নাটকের একমাত্র চরিত্র সেই ভিক্ষুক বলে চলে এক গল্প। ঠিক রূপকথার গল্পের মতো— এক ছিল রাজা, তার ছিল এক রাজপুত্রের গল্প। কেমন দেখতে সেই রাজপুত্র? 'যেমন হোয় আর কী– রূপকথাতে শুনিয়েছেন না? অমনি রাজার বেটা খুবসুরৎ নওজওয়ান যুবরাজ!'[৯]

সেই রাজপুত্র একদিন দূর দেশে পাড়ি দেয়। কেননা তার মায়ের ইদানিং সবরকম খাবারে অরুচি দেখা দিয়েছে। কোন কিছুই তিনি খেতে পারছেন না। অবশেষে সেই অরুচি অসুখ দূর করার এক উপায় জানা গেল যে 'জম্বুস্থানকা অম্বুফল'[১০] খাওয়াতে পারলে রাজমাতা সুস্থ হবেন। তাই রাজপুত্র দেরি না করে বেরিয়ে পড়লো সেই ফলের সন্ধানে। রাজকুমার বনের পথে পথে ঘুরে অম্বুফলের সন্ধানে। বনের পথে চলতে চলতে একদিন সে পথ হারিয়ে ফেলে। ভুল রাস্তায় সে চলে যায়। শেষমেষ সে আশ্রয় পায় বনের এক কাঠুরিয়ার কাছে। সেখানে এক কাঠুরিয়াকে ভাই, কাঠুরিয়ার মাকে মা বলে। সে ক্রমে ক্রমে অতীত জীবন ভুলে নতুন জীবনে নিজেকে মানিয়ে নেয়। ভুলে যায় অম্বুফলের কথা। ফেলে আসা রাজত্বের অতুল সম্পদ ও বৈভব, সেখানকার রাজস্ব প্রথা, আর তাকে ভাবায় না। বলা যায় এতো সে-ই রূপকথার গল্প। একেবারেই নির্ভেজাল কথকতার ঢঙে আগাগোড়া নাটকটি রচিত এবং সেইভাবে অভিনীত হয়।

রূপকথার মতো শুনতে লাগলেও এই নাটকের গল্প আসলে শ্রমজীবী সাধারণ মানুষের গল্প, বাস্তবের গল্প। সেই 'কহানী' বলার জন্যই নাট্যকার লোকনাট্যের আঙ্গিককে বেছে নিয়েছেন। চিরকালই সাধারণ মানুষ বঞ্চিত, তাদের বঞ্চিত করে রাখা হয়। তারা শাসকের অন্নসংস্থানের জন্যই যেন জন্মগ্রহণ করেন। নাট্যকার নাটকের মধ্যে সমাজের সেই শ্রেণিবৈষম্যকেই তুলে ধরেছেন—

"রাজা হোবে খানেওয়ালা খিলানেওয়ালা কোন্
বোলে খিলানেওয়ালা কোন্

এ তো সহজ কথা বাবুজী, সিধী বাৎ। খানেওয়ালা রাজা তো খিলানেওয়ালা পরজা। হাঁ, রাজা খাবে তো খাওয়াবে পরজা।"[১১]

বাদল সরকার এই শ্রেণিবৈষম্যকে ভাঙতে চান। তাই লোকনাট্যের রাজরাজার কাহিনি অন্তরালে তিনি শ্রেণিবিভক্ত সমাজে সাধারণ মানুষের কথা তুলে ধরেছেন। লোককথার মধ্যেই যুক্ত করে দেন দেশকালের ঘটে চলা নানা দুর্নীতির প্রসঙ্গ। যে কারণে রাজার কোৎওয়ালের সঙ্গে ফুলের ব্যবসাদারদের বন্দোবস্তকে বলেন, "আরে সমঝে নহী? কমিশন কমিশন, দস্তুরী, বোফোর্স!"[১২] গল্প বলতে বলতে কথক এত সাবলীলভাবে প্রসঙ্গটি যুক্ত করে দেন যে নাট্যকারের সচেতন সমাজ ভাবনার যোগ থাকলেও তা বিন্দুমাত্র অসঙ্গত মনে হয় না। এভাবেই নাট্য কাহিনির গল্পটির সঙ্গে সাম্প্রতিককালের সংযোগ সাধিত হয়েছে।

সামাজিক শ্রেণি বৈষম্যের পাশাপাশি নাট্যকার বাদল সরকার এখানে গ্রাম-শহরের বৈষম্যকে খুব চমৎকার করে তুলে ধরেছেন। আমরা জানি বাদল সরকারের বহু নাটকে এই দ্বন্দ্বটা বারবার উঠে আসে। এই নাটকেও তিনি সেই দ্বন্দ্বটাকে তুলে ধরেছেন—

"শহর ছোড়কে গাঁও-গ্রাম। গ্রামে বড়ো বড়ো বাড়ি না আছে, চওড়া চওড়া রাস্তা না আছে, না আছে দুকান না আছে বাজার, না আছে গাড়ি না আছে ঘোড়া, খালি ক্ষেতি-হি-ক্ষেতি। আর ইখানে উখানে বীচ্-বীচমে জমাট-বান্ধা গাছগাছালি পেড় বাগ্যায়রহ্ কুঁড়ে ঝোপড়ি গরিব কিষানকা ঘর।"[১৩]

বাদল সরকার থিয়েটারের মাধ্যমে সেই বৈষম্যের অবসান চেয়েছেন। 'ভুল রাস্তা' নাটকের রাজপুত্রকে গরীব ঘরে শ্রেণিবৈষম্যের অবসান ঘটাতে চেয়েছেন।

সুনশান জঙ্গলের পথে রাজকুমারকে নিয়ে গিয়ে রূপকথার আবহ রচনা করা হলেও তারপর রাজকুমারের যে জীবন যাপনের কথা নাটকের কথক গল্পের আকারে দর্শকের সামনে তুলে ধরেছেন তা একেবারেই বাদল সরকারের রাজনৈতিক চিন্তা-চেতনার বহিঃপ্রকাশ। দর্শন চৌধুরী এ প্রসঙ্গে যে মূল্যায়ন করেছেন তা এখানে উল্লেখ করা যেতে পারে—

"এখানে বাদল সরকার অনেকাংশে কার্ল মার্কস-এর শ্রম-অর্থনীতির চিন্তায় বক্তব্যকে সাজিয়েছেন। তবে বলার ভঙ্গিটি তথ্যভারাক্রান্ত নয়— লোককথার আঙ্গিকে, কথকতার ঢঙে শ্রমজ অর্থনীতির কথা এখানে তুলে ধরা হয়।"[১৪]

রাজপুত্রকে 'ভুল রাস্তা'য় এনে সাধারণ মানুষের সঙ্গে নাট্যকার এভাবেই মিশিয়ে দিয়েছেন। চিরকাল যা চলে আসছে— রাজার ছেলে রাজা, এই মিথকে বাদল সরকার ভাঙতে চেয়েছেন। তাই খুব সহজেই কাঠুরিয়ার ছেলে রাজপুত্র কে বলতে পারে 'তুম কৌন্ হো? ... রাজা? যুবরাজ? উও সব ক্যায়া হোতা হ্যায় রে?'[১৫] এ যেন সাধারণ মানুষের সুমধুর প্রতিশোধ। নাট্যকারের স্বর এখানে গল্প কথকের স্বরে মিশে গেছে। রাজপুত্র যে ভুল রাস্তায় এল নাট্যকারের মতে '... ওহি ছিল ঠির রাস্তা...'[১৬] এই রাস্তা খুঁজে পাওয়ার নাটকই হল 'ভুল রাস্তা'।

লোকনাট্যের মতোই এখানে নাটকের কথক অভিনয় চলতে চলতে দর্শকের

সঙ্গে মত বিনিময় করে নেন। নাটকের বিষয়বস্তুর সঙ্গে দর্শককে জুড়ে দেন। যেভাবে নাটের কথক অভিনেতা বারবার দর্শকদের উদ্দেশ্যে বলেন, 'জেরাসা ভাবিয়ে দেখবেন বাবুসাব, শোচ লীজীয়ে মাঈজী,'[১৭] তখন বাবুসাব, মাঈজী আর দর্শক থাকে না, নাটকের চরিত্র হয়ে ওঠে। নাটকের কথক চরিত্র রাজপুত্রের রাস্তা ভুল ছিল না ঠিক ছিল তা বিচার করার ভার সেই দর্শকদের উপরেই ছেড়ে দেন, দর্শক কি বলে সেটা শুনে নিতে চান। তবে সেই সঙ্গে কথক একটা সুতীব্র তীরভেদী প্রশ্ন রেখে শেষ করেন তার রুজি-রোজগারের জন্য বলা গল্প— "জেরা এক বাৎ শোচিয়ে বাবুমশাই, একটা কথা একটু ভাবিয়ে দেখেন লছিম মাঈ-ঐ যে রাস্তা, জঙ্গলকা রাস্তা, কাঠুরিয়াকা ঝোপড়ি-তক, উও ভুল রাস্তা ছিল, কি ওহি ছিল ঠিক রাস্তা? ভাই বোলনেকা রাস্তা, মা বোলনেকা, দোস্ত বোলনেকা রাস্তা ঠিক হ্যায়। কি লাথ মারনেকা রাস্তা ঠিক হ্যায়।"[১৮]

এরপরেই ভিক্ষুক উপস্থিত দর্শকদের সামনে একটা কাপড় পেতে ধরেন স্বতঃস্ফূর্তভাবে দর্শক বা শ্রোতার কাছ থেকে অর্থ সাহায্যের জন্য। দর্শকেরা খুশিমনে যে যার সাধ্যমত পয়সা দিয়ে চলে যায়, নাটক শেষ হয়। এই শেষ আঙ্গিকটিও একেবারেই লোকনাট্যজাত, যা বাদল সরকার তাঁর তৃতীয় থিয়েটারের দর্শনের সঙ্গে এক করে দিয়েছেন। বাদল সরকার বলেছেন—

"...দর্শক অভিনয়ের পর যে পয়সাটা দিচ্ছে সেটা কিন্তু দামও নয়, দানও নয়। সেটা তাদের অংশগ্রহণ। ...এটা না করে জমিদারি সুলভ মনোভাবে যদি ভাবতাম তাদের পয়সা নেই তাই পয়সা নেব না— তাহলেই কিন্তু ওদের আর আমাদের মধ্যে একটা স্তর বিভেদ চলে এল। ওরা নিম্নস্তর, আমরা উচ্চস্তরে। আমরা সমান পর্যায়ে সবাইকে দেখি, দেখতে চাই, যেহেতু তা ফ্রি। এটাই মানবিক ক্রিয়া। এর সঙ্গেই দর্শনটা এসেছে।"[১৯]

এভাবেই 'ভুল রাস্তা' নাটক ঠিক রাস্তা দেখায় আর তার আঙ্গিকেও বোনা হয়ে যায় বাদল সরকারের নাট্য আন্দোলনের দর্শন।

আসলে বাদল সরকারের মূল লক্ষ্য ছিল জনসংযোগ। তাই নাটকের গঠনে বা আঙ্গিকে এবং বিষয়ে বিন্যাসের বুদ্ধিগ্রাহ্য কৌশল ছেড়ে বেছে নিয়েছেন লোককথার আঙ্গিককে, লোকজীবনের পরম্পরাকে। সাধারণ মানুষের অতি চেনা বিষয়বস্তুর মধ্য দিয়েই তিনি তাদের সমস্যাকে তুলে ধরেছেন। লোকনাট্যের আঙ্গিকের ভেতরেই তিনি বুনে দেন তাঁর দর্শন এমনভাবে যা তাঁকেই অতিক্রম করে ভিন্ন নাট্যমাত্রা আনে। আর এখানেই বাদল সরকারের টেক্সট্ থাকে অক্ষতথ্যসূত।

**তথ্যসূত্র :**

১. বাদল সরকারের সাক্ষাৎকার, সুরজিৎ ঘোষ, দেশ, ৫ ডিসেম্বর, ১৯৯২, বর্ষ ৬০, সংখ্যা ৩, পৃ. ৪০।

২. বাদল সরকারের সাক্ষাৎকার, বিভাস চক্রবর্তী, সাক্ষাতকারটি ০১.০৯.৯১-এ নেওয়া হয়, পরবর্তীতে নাট্যপত্র স্যাস্, সংকলন ১৬, ১৯৯৯ প্রকাশ করেন, পৃ. ২৫৬।
৩. ঘোষ, ঋতদীপ; বাদল সরকার নির্বাচিত প্রবন্ধ সংগ্রহ, তৃতীয় থিয়েটারের বাঙালি দর্শক, নাট্যচিন্তা ফাউন্ডেশন, কলকাতা ১৪, প্রথম প্রকাশ বইমেলা, জানুয়ারি, ২০১৪, পৃ. ৬৯।
৪. সরকার, বাদল; প্রবাসের হিজিবিজি, লেখনী, কলকাতা ৭৮, প্রথম প্রকাশ ডিসেম্বর ২০০৬, পৃ. ২২৮।
৫. বন্দ্যোপাধ্যায়, শমীক; বাদল সরকার : এবং ইন্দ্রজিৎ থেকে থার্ড থিয়েটার, প্রকাশক থীমা, প্রথম প্রকাশ ২০১৭, কলকাতা ২৬, পৃ. ২০৩।
৬. সরকার, বাদল; ভুল রাস্তা, দেশ, ৫ ডিসেম্বর, ১৯৯২, বর্ষ ৬০, সংখ্যা ৩, পৃ. ৩১।
৭. তদেব, পৃ. ৩১।
৮. তদেব, পৃ. ৩১।
৯. তদেব, পৃ. ৩২।
১০. তদেব, পৃ. ৩২।
১১. তদেব, পৃ. ৩৩।
১২. তদেব, পৃ. ৩২।
১৩. তদেব, পৃ. ৩২।
১৪. চৌধুরী, দর্শন; নাট্যব্যক্তিত্ব বাদল সরকার, প্রকাশক একুশশতক, কলকাতা ৭৩, প্রথম প্রকাশ কলকাতা বইমেলা ২০০৯, দ্বিতীয় সংস্করণ, ২০১০, পৃ. ১৯০।
১৫. সরকার, বাদল; ভুল রাস্তা, দেশ, ৫ ডিসেম্বর, ১৯৯২, বর্ষ ৬০, সংখ্যা ৩, পৃ. ৩৪।
১৬. তদেব, পৃ. ৩৫।
১৭. তদেব, পৃ. ৩৫।
১৮. তদেব, পৃ. ৩৫।
১৯. বিশ্বাস, অদ্রীশ; মিছিলে বাদল সরকার, গুরুচণ্ডা প্রকাশনা, দ্বিতীয় সংস্করণ, বইমেলা, ২০১৮, কলকাতা ৩২, পৃ. ১৯।

**ICSSR Sponsored International Seminar** *27th - 29th January, 2020*

# Combating Child Trafficking: Vulnerability, Efforts and challenges

ময়নাগুড়ি কলেজ
MAYNAGURI COLLEGE

**Organized by :**

**Department of Geography**

**Maynaguri College**

**In Collaboration with**

**Department of Lifelong Learning and Extension**

**University of North Bengal**

উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়
Enlightenment to Perfection

## *Certificate*

*This is to certify that Prof./Dr./Mr./Mrs./MS.* Amar Chandra Roy

*of* Sukanta Mahavidhyalaya

*attended in ICSSR Sponsored International Seminar on 'Combating Child Trafficking: Vulnerability, Efforts and Challenges , organized by the Department of Geography, Maynaguri College, University of North Bengal, held during 27th-29th January, 2020. He/She Participated/Presented a research paper/ delivered Special Lecture/Chaired a Session entitled* শিশু পাচার প্রতিরোধে পঞ্চায়েতের ভূমিকা

| | | | |
|---|---|---|---|
| **Dr. Sudip Chakarborty**<br>Patron<br>Seminar Organizing Committee | **Susmita Pandit**<br>Teacher-In-Charge<br>Maynaguri College | **Dr. Madhusudan Karmakar**<br>Convener<br>Seminar Oranizing Committee | **Prof. Mahbub Ul Alam**<br>Co-Convener, Department of Lifelong Learning and Extension<br>University of North Bengal |

EKALAVYA
A BENGALI REFEREED JOURNAL
ISSN 2395- 3276

একলব্য গবেষণাধর্মী বিচারিত পত্রিকার উদ্যোগে

# একদিনের জাতীয় স্তরের আলোচনাচক্র

বিষয়ঃ কেন রবীন্দ্রনাথঠাকুর?

প্রসঙ্গঃ শিক্ষা-শিল্প-সাহিত্য-সংস্কৃতি

## শংসাপত্র

তারিখঃ ১৩ জুন, ২০১৯ || স্থানঃ বিশ্বামিত্র ভবন, দিনহাটা || সময়ঃ সকাল ১১ টা

একলব্য গবেষণাধর্মী বিচারিত পত্রিকার উদ্যোগে, একলব্য প্রকাশনী, দিনহাটা মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ, উত্তরায়ণ কলেজ অফ ল এবং দেওয়ানহাট মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগিতায়—

"কেন রবীন্দ্রনাথ ? প্রসঙ্গঃ শিক্ষা- শিল্প- সাহিত্য- সংস্কৃতি" শীর্ষক একদিনের জাতীয়স্তরের আলোচনাচক্রে প্রবন্ধপত্র উপস্থাপনার জন্য/ আলোচনায় অংশগ্রহণের জন্য—

.................................................................................কে

শংসাপত্রটি প্রদান করা হল।

পঠিত প্রবন্ধের শিরোনামঃ রবীন্দ্রনাথ এবং বাদল সরকার: প্রসঙ্গ মুক্ত থিয়েটার

| আহ্বায়ক | সভাপতি | আমন্ত্রিত বক্তা |
|---|---|---|
| জাতীয় আলোচনাচক্র ২০১৯ | জাতীয় আলোচনাচক্র ২০১৯ | জাতীয় আলোচনাচক্র ২০১৯ |

Our Online News Partner:
কোচবিহার টাইমস NEWS
কোচবিহার টাইমস
হামার খবর
মাটির মানুষের মনের খবর
সংবাদ একলব্য
আপনার মুখপত্র, আপনার ইস্তাহার

সহযোগিতায়

দিনহাটা মহাবিদ্যালয়
বাংলা বিভাগ

উত্তরায়ণ কলেজ অফ ল

দেওয়ানহাট মহাবিদ্যালয়
বাংলা বিভাগ

একলব্য প্রকাশনী
Gov. of INDIA M.S.M.E. & ISO 9001:2015 Certified
নাজিরগঞ্জ, দিনহাটা কোচবিহার, পশ্চিমবঙ্গ-৭৩৬১৩৪
মোবাইল- ৭৬০২৭২১৮১০
ইমেইল- ekalavyajournal@gmail.com
www.ekalavyaprakashani.co.in

ISO 9001 CERTIFIED
BRIT QUALIS
UDYOG AADHAR MSME